



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS – I TERM – SECOND SUBJECT- BENGALI ANSWER WORKSHEET – 9 DATE – 15.05.2020

Topic – ক্ষান্তবুড়ি (কবিতা) ও বোধপরীক্ষন

১) মিলিয়ে লেখো:

- ক) কালনা - আলনা
খ) নুন - চুন
গ) নিন্দুক - সিন্দুক

২) সাজিয়ে লেখো:

- ক) শাশুড়িদিদি - দিদিশাশুড়ি
খ) ডিহাঁলোগু - হাঁড়িগুলো
গ) কন্দুনি - নিন্দুক
ঘ) লাজান - জানলা
ঙ) লোগুড়িশা - শাড়িগুলো

৩) বাক্য রচনা করো:

- ক) হাঁড়ি - আমার মা হাঁড়িতে ভাত রাঁধেন।
খ) আলনা - আমার জামাকাপড় আলনায় সাজানো থাকে।
গ) চুন - আমার ঠাকুমা চুন দিয়ে পান সাজেন।

৪) উত্তর লেখো:

- ক) বুড়ির নাম কী?
উঃ বুড়ির নাম হল ক্ষান্তবুড়ি।
খ) বোনেরা ডালনায় কী দেয়?
উঃ বোনেরা ডালনায় চুন দেয়।
গ) তারা হাঁড়িগুলো কোথায় রাখে?
উঃ তারা হাঁড়িগুলো আলনায় রাখে।
ঘ) কবির নাম সহ ক্ষান্তবুড়ি কবিতার শেষের চারটি লাইন লেখো।
উঃ ক্ষান্তবুড়ি

রবীন্দ্রনাথ ঠাকুর

টাকাকড়িগুলো হাওয়া খাবে বলে

রেখে দেয় খোলা জানলায় -

নুন দিয়ে তারা ছাঁচিপান সাজে ,

চুন দেয় তারা ডালনায়।

৫) নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

এক বনে একটি সিংহ ও একটি মহিষ থাকতো। সেই বনের মাঝে একটি নদী ছিল। একবার গরমের সময় সেখানে তারা জল পান করতে গেল। তবে কে আগে জল পান করবে তাই নিয়ে শুরু হল লড়াই। এমন সময় তারা দেখতে পেল তাদের মাথার উপর অনেকগুলো কাক উড়ছে। দেখে তারা বুঝতে পারল লড়াইয়ে যে মারা যাবে তার মাংস খাওয়ার লোভে কাকেরা এমন করছে। তারা তখন একে অপরকে বলল – আর লড়াইয়ে কাজ নেই ভাই এসো একসাথে জল পান করি।

ক) খালি ঘরে লেখো:

সেই বনের মাঝে একটি নদী ছিল।

খ) বাক্য রচনা করো:

গরম – গরমের ছুটিতে আমরা দীঘা বেড়াতে যাব।

গ) ঠিক বা ভুল লেখো:

এক বনে একটি সিংহ ও একটি বাঘ থাকতো। **ভুল**

ঘ) সিংহ ও মহিষের মধ্যে কেন লড়াই হয়েছিল?

উঃ আগে কে নদীতে জল পান করবে সেই নিয়ে সিংহ ও মহিষের মধ্যে লড়াই হয়েছিল।

ঙ) লড়াইয়ের সময় তারা কী দেখতে পেল?

উঃ লড়াইয়ের সময় তারা দেখতে পেল অনেকগুলো কাক তাদের মাথার উপর উড়ছে।